# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# বার্ষিক প্রতিবেদন
# ২০২২-২০২৩

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
www.dme.gov.bd

**প্রকাশকাল**:
আগস্ট, ২০২৩

**প্রকাশক:**
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়।


**প্রধান পৃষ্ঠপোষক:**
জনাব মোঃ কামাল হোসেন
সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

**সার্বিক তত্ত্বাবধানে:**
জনাব হাবিবুর রহমান,
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

**সম্পাদনায়:**
জনাব মোহাম্মদ আবু নঈম
পরিচালক (প্রশাসন ও অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

**সম্পাদনা পরিষদ:**
জনাব মোঃ জাকির হোসাইন, উপ-পরিচালক (প্রশাসন)
জনাব মোঃ শাহীনুর ইসলাম, সহকারী পরিচালক (প্রশাসন)

**সহযোগিতায়:**
জনাব মোঃ নয়ন মিয়া, প্রশাসনিক কর্মকর্তা



সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

"আমরা তাকাবো এমন এক পৃথিবীর দিকে, যেখানে বিজ্ঞান ও কারিগরি জ্ঞানের বিস্ময়কর অগ্রগতির যুগে মানুষের সৃষ্টি ক্ষমতা ও বিরাট সাফল্য আমাদের জন্য এক শঙ্কামুক্ত উন্নয়ন ভবিষ্যৎ গঠনে সক্ষম।"

---বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

"শিক্ষা, সাহিত্য, সংস্কৃতি, রাজনীতি, অর্থনীতি, বিজ্ঞান ও প্রযুক্তিসহ সকল ক্ষেত্রেই সঠিক কাজ সম্পাদনের জন্য
প্রয়োজন সৃজনশীল ও মেধাবী নেতৃত্ব।
প্রয়োজন সৃজনশীল মেধাবী মানুষ।"

--- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

**প্রাক-কথন :**

উপমহাদেশে মাদ্রাসা শিক্ষার ইতিহাস প্রায় ২৩৮ বছরের পুরনো। ১৭৮০ সালে কলকাতা আলিয়া মাদ্রাসা প্রতিষ্ঠার মাধ্যমে মাদ্রাসা শিক্ষা কার্যক্রম শুরু হয়। মাদ্রাসা শিক্ষা জাতীয় শিক্ষা ব্যবস্থায় একটি অবিচ্ছেদ্য অংশরূপে প্রতিষ্ঠিত। মাদ্রাসা শব্দটি আরবী শব্দ। শব্দটি দারসুন শব্দ হতে উদ্‌ভূত, এর অর্থ পাঠ। মাদ্রাসা শব্দের অর্থ শিক্ষা প্রতিষ্ঠান। জাতীয় শিক্ষানীতি ২০১০এর নির্দেশনা এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসনে মাদ্রাসা শিক্ষা দেশের মূল শিক্ষাধারার সাথে সঙ্গতি রেখে যুগোপযোগী করা হয়েছে। বর্তমান সরকার এরই ধারাবাহিকতায় মাদ্রাসা শিক্ষায় গতিশীলতা আনয়নের লক্ষ্যে ০১.০৬.২০১৫ খ্রি. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠায় সরকারি মঞ্জুরী জ্ঞাপন করেছেন। বাংলাদেশে আলিয়া মাদ্রাসাধারার বিভিন্ন স্তর যেমন স্বতন্ত্র এবতেদায়ী, সংযুক্ত এবতেদায়ী, দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসার শিক্ষা ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালনা করে বাস্তবমুখী, যুগোপযোগী ও আধুনিক শিক্ষানির্ভর জীবনদক্ষতাভিত্তিক শিক্ষার প্রসার ও গুণগত মানোন্নয়নের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর নিরন্তর কাজ করে চলেছে। শিক্ষার উন্নয়নের মাধ্যমে বাঙালী জাতিকে বিশ্বের দরবারে সম্মানজনক স্থানে পৌঁছে দেয়ার লক্ষ্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ও দর্শন বাস্তবায়নের লক্ষ্যে এবং বর্তমান সরকারের গৃহীত টেকসই উন্নয়নের লক্ষ্যপূরণে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর মাদ্রাসা শিক্ষার উন্নয়নেও বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছে। এ দপ্তরের কার্যালয়টি বাংলাদেশ গার্লসগাইড এসোসিয়েশন এর গাইড হাউস ভবনের ৭ম ও ১০ম তলা, নিউ বেইলি রোড, ঢাকায় অবস্থিত।

**মিশন: যুগোপযোগী এবং নৈতিকতাসম্পন্ন মানবসম্পদ গঠন/তৈরি**

**<u>মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অধিক্ষেত্র:</u>**

- মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন এমপিওভুক্ত মাদ্রাসায় শিক্ষক-কর্মচারী ও ছাত্রছাত্রীর সংখ্যা:

| **মাদ্রাসার ধরন** | **মাদ্রাসার সংখ্যা** | **শিক্ষক কর্মচারীর সংখ্যা** | **ছাত্র-ছাত্রীর সংখ্যা** |
|---|---|---|---|
| দাখিল মাদ্রাসা | ৫৭৬৮ | | |
| আলিম মাদ্রাসা | ১২৮৪ | | |
| ফাযিল মাদ্রাসা | ৯৯৩ | প্রায় | প্রায় |

| | | | |
|---|---|---|---|
| কামিল মাদ্রাসা | ১৮৪ | ১,৬৫,৭০৬ জন | ৪৭,০০০০০ জন |
| মোট | ৮২২৯ | | |
| অনুদান ভুক্ত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা | ১৫১৯ | | |

- মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন তিনটি সরকারি আলিয়া মাদ্রাসা রয়েছে:
  (ক) সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা
  (খ) সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট
  (গ) সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া

- এ অধিদপ্তরের আওতাধীন পাঁচস্তর ভিত্তিক মাদ্রাসা আছে:
  (ক) এবতেদায়ী (প্রাথমিক)
  (খ) দাখিল (এসএসসি)
  (গ) আলিম (এইচএসসি)
  (ঘ) ফাযিল ( স্নাতক ডিগ্রি)
  (ঙ) কামিল (মাস্টার্স ডিগ্রি)
- মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে প্রতি মাসে এমপিওভুক্ত ১ লক্ষ ৬৫ হাজার শিক্ষক-কর্মচারীকে ৩৮৮ কোটি টাকার অধিক বেতন-ভাতা দেয়া হচ্ছে (জুন, ২০২২ হিসাব মতে)।

## মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বিএমটিটিআই এর কার্যক্রমের বিবরণ:

| ক্রমিক | **প্রশিক্ষণ ইনস্টিটিউট** | **মন্তব্য** |
|---|---|---|
| ০১ | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুরে অবস্থিত। | বিএমটিটিআই শিক্ষকদের নিম্নোক্ত প্রশিক্ষণ প্রদান করা হয়:<br>(ক) সহকারী শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ<br>(খ) অধ্যক্ষ/সুপারদের শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ<br>(গ) অধ্যক্ষ/সুপারদের শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা সঞ্জীবনী প্রশিক্ষণ<br>(ঘ) প্রভাষক ও সহকারী অধ্যাপকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ<br>(ঙ) এবতেদায়ী প্রধানদের শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ<br>(চ) এবতেদায়ী সহকারী শিক্ষক (বিজ্ঞান) শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ<br>(ছ) দাখিল মাদ্রাসার সুপারদের শিক্ষা প্রশাসন ও সঞ্জীবনী প্রশিক্ষণ |

## মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ:

- মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের বিদ্যমান ৫০টি পদের অতিরিক্ত বিভিন্ন ক্যাটাগরির ৮১টি নতুন পদ এবং ৮টি বিভাগীয় পর্যায়ে আঞ্চলিক অফিস স্থাপনের জন্য বিভিন্ন ক্যাটাগরির ১০৪টিসহ মোট ১৮৫টি পদ রাজস্বখাতে সৃজন হয়েছে।
- স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার তথ্য যাচাই-বাছাইকরণ ও ডাটাবেইস তৈরি করে ৭৪৫৩টি মাদ্রাসার তথ্য টিএমইডিতে প্রেরণ করা হয়েছে।
- মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সর্বমোট ৬৯৪৬টি মাদ্রাসায় "হৃদয়ে বঙ্গবন্ধু" স্থাপন করা হয়েছে।
- মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাদ্রাসাসমূহে নিজস্ব ওয়েব সাইট তৈরির জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।
- চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। ইতোমধ্যে যুব সমাজকে দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ৫৪৮টি মাদ্রাসায় দাখিল ভোকেশনাল কোর্স চালু করা হয়েছে।
- দেশের ৬৫৩টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন প্রকল্প"-এর আওতায় ৪৯৩টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন সম্পন্ন হয়েছে।
- "নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্প"-এর আওতায় ১৮০০ মাদ্রাসায় চারতলা ও ছয়তলা ভবন নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। ৬৩৯টি মাদ্রাসায় ১০০% নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে।
- "মাদ্রাসা শিক্ষকগণের শিক্ষণ দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ সংক্রান্ত প্রকল্প"-এর আওতায় ১২৭২ জন শিক্ষককে ২০২২-২৩ অর্থবছরে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- এছাড়াও আইসিটি অধিদপ্তরের মাধ্যমে ১০৩৬টি মাদ্রাসায় শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে।
- মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-এর আধুনিকায়ন প্রকল্পের খসড়া তৈরি করে ডিপিপি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। সে আলোকে পরিমার্জনের কাজ চলমান রয়েছে। ১৬ তলা ভবনের ছাড়পত্র চেয়ে পত্র প্রেরণ করার ব্যবস্থা নেয়া হয়েছে।
- বৈশ্বিক মহামারী করোনাকালীন শিক্ষার্থীদেরকে লেখাপড়ায় সংযুক্ত রাখার লক্ষ্যে সংসদ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে "আমার ঘর আমার মাদ্রাসা" নামক পাঠদান কার্যক্রম ৪র্থ বার পুন:প্রচার হচ্ছে।
- চতুর্থ শিল্পবিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলা করণীয় শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়েছে।
- মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রত্যেক্ষ তত্ত্বাবধানে মাদ্রাসার শিক্ষার্থীদের অংশগ্রহণে সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকাতে জাতীয় বিজ্ঞান মেলা আয়োজন করা হয়েছে।
- শিক্ষক-কর্মচারী নিয়োগ: ২০২২-২৩ বছরে এনটিআরসিএ-এর নিবন্ধন পরীক্ষার মাধ্যমে এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ডিজি মহোদয়ের প্রতিনিধিরে মাধ্যমে মাদ্রাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সুপার/সহসুপারসহ ৩য় ও ৪র্থ শ্রেণিসহ মোট ১০২৭৫ জন শিক্ষক বিভিন্ন মাদ্রাসায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন।

**মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অন্যান্য কার্যক্রমসমূহ:**

- জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন এবং চর্চা অব্যাহত আছে। ২০২২-২৩ অর্থবছরে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা করা হয়েছে।
- কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর সমূহের মধ্যে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শুদ্ধাচার পুরস্কার লাভ করেন।

❖ বাৎসরিক কর্ম সম্পাদন চুক্তির (APA) আলোকে কার্যক্রম চলমান আছে। চাহিত তথ্যাদি প্রেরণ করা হয়েছে।

❖ Innovation (ইনোভেশন): ইনোভেশন আইডিয়া বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ।

❖ GRS (অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা): অভিযোগ পাওয়ার পর তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক তদন্ত প্রতিবেদন

পাওয়ার পর প্রতিবেদন মোতাবেক ব্যবস্থা নেয়া হয়।



**২০২৩-২৪ অর্থবছরে এপিএ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ডিজি মহোদয়ের শুদ্ধাচার পুরস্কার গ্রহণ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**

**SPS (Service Process Simplification সেবা সহজীকর**ণ:

- ❖ সেবা গ্রহীতাদের জন্য সিটিজেন চার্টার হালনাগাদকরণ
- ❖ এমপিওভুক্ত বেসরকারী মাদ্রাসার শিক্ষক-কর্মচারীগণের প্রতি মাসে এমপিও অংশ প্রদানের লক্ষ্যে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস থেকে সরাসরি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে অনলাইনে এমপিও-এর আবেদন প্রতিমাসে নিস্পত্তি করা হয়;

- শিক্ষক-কর্মচারীদের নাম, জন্ম তারিখ, পদবী, বিষয়, ব্যাংক হিসাব সংশোধনীসহ নিয়োগ কমিটি ও বিদ্যোৎসাহী সদস্য হিসেবে ডিজির প্রতিনিধির আদেশ অধিদপ্তরের ওয়েবসাইটে পৃথক ফোল্ডারে আপলোড করা হচ্ছে;
- ই-নথিতে ফাইল নিষ্পন্ন করার ফলে দ্রুত সেবা গ্রহীতাদের কাছে সেবা পৌঁছানো সম্ভব হচ্ছে;
- সেবা সহজীকরণের লক্ষ্যে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সার্বক্ষণিক ইন্টারনেট সার্ভিস চালু আছে।
- এ দপ্তরের প্রত্যেক কর্মকর্তার টেলিফোন নম্বর,মেইল নম্বর ইত্যাদি নিজস্ব ওয়েবসাইটে প্রদান করা হয়েছে।
- সেবা সহজীকরণের লক্ষ্যে গভর্নিংবডির বিদ্যোৎসাহী প্রতিনিধি অনুমোদন পত্র, নিয়োগ কমিটিতে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন পত্র এবং দাপ্তরিক পত্রাদি ওয়েবসাইটে প্রকাশ করা হয়।
- মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে ই-নথির মাধ্যমে কার্যক্রম চলমান আছে।

**মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের চলমান প্রকল্পসমূহ:**
**নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্প (১৮০০টি মাদ্রাসা) :**

নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়নকল্পে এ প্রকল্পটি গ্রহণ করা হয়। এটি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের একটি বৃহৎ প্রকল্প। প্রকল্পটির আওতায় ১৮০০টি মাদ্রাসায় **চারতলা/ছয়তলা অত্যাধুনিক ভবন** নির্মাণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে ১৫৩০টি মাদ্রাসায় নতুন ভবন নির্মানের কাজ শুরু হয়েছে। এরমধ্যে ১০০% কাজ সম্পন্ন হয়েছে ৬৩৯টি মাদ্রাসা। মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে সাধারণ শিক্ষা ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোগত বৈষম্য হ্রাস, গ্রাম ও পশ্চাৎপদ এলাকার মাদ্রাসাসমূহে সমহারে সুযোগ-সুবিধা বৃদ্ধি করে মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অন্তর্ভুক্তি বৃদ্ধি, ছাত্র-ছাত্রী, বিশেষ করে ছাত্রীদের এবং বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের সুবিধার্থে আধুনিক স্যানিটেশন সুবিধা বৃদ্ধি ইত্যাদির উদ্দেশ্যে মাদ্রাসা অধিদপ্তরের মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়িত হবে। এই প্রকল্পের আওতায় বিভিন্ন স্তরের ৯ হাজার শিক্ষকের প্রশিক্ষণের সংস্থান আছে এবং ইতোমধ্যে ৫৩৬ জন শিক্ষকের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।



**gv`ªvmv wkÿv Awa`ß‡ii AvIZvaxb Ôwbe©vwPZ gv`ªvmvmg~‡ni DbœqbÕ  cÖK‡íi AvIZvq wbwg©Ze¨ wNIi wmwbqi gv`ªvmv, gvwbKMÄ**

## ৬৫৩টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন শীর্ষক প্রকল্প:

একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় মাদ্রাসা শিক্ষার্থীদের প্রযুক্তিনির্ভর শিক্ষিত করে গড়ে তোলা, এসডিজি ৪ এর লক্ষ্য বাস্তবায়নের নিমিত্ত শিক্ষার গুণগতমান উন্নয়নের লক্ষ্যে দেশের ৬৫৩টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন প্রকল্প গ্রহন করা হয়। ইতোমধ্যে ৪৯৩ টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন সম্পন্ন হয়েছে। প্রকল্পের মাধ্যমে ল্যাপটপ, প্রজেক্টর, ইন্টারেকটিভ হোয়াইট বোর্ডের সমন্বয়ে ইন্টারনেট ব্যবহার করে

শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ে শিক্ষা প্রদান করা হচ্ছে। প্রকল্পের আওতায় মাদ্রাসা শিক্ষকদের প্রশিক্ষণ দিয়ে বিভিন্ন বিষয়ে কনটেন্ট ডেভলপ করে মাদ্রাসা শিক্ষার্থীদের আইসিটি নির্ভর আধুনিক শিক্ষা প্রদান করা হচ্ছে।

এতে করে সাধারণ শিক্ষাধারার শিক্ষার্থী ও মাদ্রাসা শিক্ষার্থীদের বৈষম্য ও ব্যবধান অনেকাংশে হ্রাস পাবে। প্রকল্পটির ২য় সংশোধনীর মাধ্যমে অবশিষ্ট মাদ্রাসার মাল্টিমিডিয়া ক্লাসরুম সরঞ্জামাদি সরবরাহের কাজ চলমান আছে। সংশোধিত প্রকল্পে ইন্টারেকটিভ হোয়াইট বোর্ডের পরিবর্তে স্মার্ট টিভি সরবরাহের উদ্যোগ নেয়া হয়েছে।



**মাল্টিমিডিয়া ক্লাসরুম**

**মাদ্রাসা এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (MEMIS):**
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ২০১৫ সালে প্রতিষ্ঠিত হলেও এমপিওভুক্ত মাদ্রাসার শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতার সরকারি অংশ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ইএমআইএস সেলের মাধ্যেম প্রদান করা হতো। সেবা সহজীকরণের লক্ষ্যে MEMIS- প্রকল্পের আওতায় অধিদপ্তরে আধুনিক প্রযুক্তিসম্পন্ন ডাটা সেন্টার স্থাপন করা হয়েছে এবং অক্টোবর-২০১৯ হতে MEMIS-web application সফটওয়্যারের মাধ্যমে এমপিওভুক্ত ও অনুদানপ্রাপ্ত মাদ্রাসাসমূহের শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতার সরকারি অংশ ব্যাংকের মাধ্যেম নিয়মিত প্রদান করা হচ্ছে। সফটওয়্যারে ৯টি মডিউল যুক্ত করা হয়েছে। মডিউলগুলোর মধ্যে অন্যতম হলো 1. MPO Application Processing, 2. MPO Payment Disbursement. 3. IMS (institute Management System), 4. PDS (Personal Data Sheet), 5. Training Management System:, 6. Performance Based Management System (PBM) মডিউলগুলোর আওতায় কার্যক্রম বাস্তবায়িত হলে বিদ্যমান সেবাসমূহ সহজীকরণ**সহ** অধিদপ্তরের সক্ষমতা আরো বৃদ্ধি পাবে।

**মাদ্রাসা শিক্ষকগণের শিক্ষণ-দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ:**
মাদ্রাসার দশটি বিষয়ের ১২০০০ শিক্ষকের প্রশিক্ষণের জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। "মাদ্রাসা শিক্ষকগণের শিক্ষণ দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ সংক্রান্ত প্রকল্প"-এর আওতায় ১২৭২ জন শিক্ষককে ২০২২-২৩ অর্থবছরে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে নিজস্ব ভবন নির্মাণ প্রকল্প:**
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা প্রাঙ্গনে ১১ তলা বিশিষ্ট মাদ্রাসা শিক্ষা ভবন নির্মাণ প্রকল্প ৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখে মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরে প্রকল্পটির অনুকূলে ১৪ কোটি ০৪ লক্ষ টাকা বরাদ্দ আছে।

**মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অডিট আপত্তি :**

অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত)

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগসমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | |
| | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ০৪ | ৪০/- | ২১ | ০৩ | ৭ | ১৮ | ৩৩ | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ২০১৯-২০২০ অর্থবছর পর্যন্ত অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে। নিরীক্ষা প্রতিবেদন পাওয়া গিয়েছে। বর্ণিত প্রতিবেদনে ০৪ (চার) টি সাধারন আপত্তি নিষ্পত্তির নিমিত্ত মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১১.১৪.০০১.২১-৯২; তারিখ: ১০/০৫/২০২২ খ্রি. তে মহাপরিচালক, শিক্ষা অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। |

## সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত):

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/ আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | ১২৬টি | ০০ | ১২৬টি | ৬২টি |

**সামাজিক নিরাপত্তা কর্মসূচি :** এবতেদায়ী সমাপনী পরীক্ষা (৫ম শ্রেণি), জুনিয়র দাখিল পরীক্ষা (৮ম শ্রেণি), দাখিল পরীক্ষা, আলিম পরিক্ষা ও ফাযিল পরিক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য মেধাবৃত্তি পেয়ে থাকেন। এসব শিক্ষার্থীদের চূড়ান্ত পরীক্ষার পরে ফলাফলের ভিত্তিতে এবতেদায়ী সমাপনী পরীক্ষা (৫ম শ্রেণি), জুনিয়র দাখিল পরীক্ষা (৮ম শ্রেণি), দাখিল পরীক্ষা ও আলিম পরীক্ষার্থীদের বৃত্তির ফলাফল তৈরি করে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং ফাযিল পরীক্ষার্থীদের বৃত্তির ফলাফল তৈরি করে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এ সকল বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে রাজস্ব বাজেট থেকে বৃত্তির অর্থ প্রদান করে থাকে। মেধাবৃত্তির এই অর্থ শিক্ষার্থীদের নিকট অর্থ বিভাগের কর্মসূচি 'Strengthening Public Financial Management Program to Enable Service Delivery (SPFMS)' এর MIS সফটওয়্যার ব্যবহার করে G2P পদ্ধতিতে iBAS++ মাধ্যমে তাদের নিজস্ব ব্যাংক হিসাবে (EFT) প্রেরণ করা হয়।

| মন্ত্রণালয়/ বিভাগ | ক্রমিক | সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরন | প্রতিবেদনাধীন অর্থবছর (২০২২-২৩) | | পূর্ববর্তী অর্থবছর (২০২১-২২) | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | ০১ | এবতেদায়ী, দাখিল,আলিম,ফাযিল পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাবৃত্তি প্রদান এবং বিএমএড পেশাগত উপবৃত্তি (বিএমটিটিআই তে | ১৩,৭৭৯ জন | ২,৬৪,৮৩,১৩০/- | ১৩,৭৭৯ জন | ১৭,০৩,২১,৫৫০/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | বিএমএড শ্রেণিতে প্রশিক্ষণরত শিক্ষকবৃন্দের মধ্যে) | | | | |




মাদ্রাসা শিক্ষা অধিদপ্তররের আয়োজনে বঙ্গবন্ধু বিজ্ঞান মেলা-২০২৩ এ মাননীয় শিক্ষা মন্ত্রীর বক্তব্য প্রদান




**আর্ন্তজাতিক মাতৃভাষা ইন্সটিটিউটে জাতীয় শোক দিবসের শ্রদ্ধাঞ্জলি (১৫/০৮/২০২৩)**

